দৈনিক বাংলা

তারিখ 15 SEP 1995
পৃষ্ঠা ১২ কলাম ৪

13

# শিক্ষা খাতে নোয়াখালী ফ্যাসিলিটিজ বিভাগের প্রশংসনীয় উদ্যোগ

**কামাল উদ্দীন আহমদ ঃ** মাইজদী কোর্ট।– বিগত সাড়ে চার বছরে নোয়াখালী অঞ্চলে ফ্যাসিলিটিজ বিভাগ বিভিন্ন শিক্ষালয় নির্মাণ, পুনঃনির্মাণে এক বৈপ্লবিক কর্মকান্ড ঘটিয়েছে। এই সময়ে এই বিভাগ প্রায় ৪৩ কোটি টাকা ব্যয়ে ২৯৮টি মাধ্যমিক বিদ্যালয়সহ প্রাথমিক বিদ্যালয় থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় কলেজের বহুসংখ্যক ভবন নির্মাণ করেছে।

এই সময়ে নোয়াখালী ফ্যাসিলিটিজ বিভাগ প্রতিটি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ভবন নির্মাণে ৭ লাখ ৮২ হাজার টাকা ব্যয় করে। ২৩ কোটি ২০ লাখ ৩৬ হাজার টাকায় ২শ' ৯৮টি বিদ্যালয় ভবন নির্মাণ করেছে। রাজস্ব, বার্ষিক উন্নয়ন খাতসহ বিভিন্ন খাত থেকে এই টাকা জোগান দেয়া হয়। একই সময়ে রাজস্ব খাতের অর্থব্যয়ে নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর জেলায় বিভিন্ন সরকারী বিদ্যালয় ও মহাবিদ্যালয় উন্নয়নে ব্যয় করা হয়েছে ৭ কোটি ৮২ লাখ ৪৭ হাজার টাকা।

এই সময়ে একই বিভাগ লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ মহাবিদ্যালয়ের ছাত্রাবাস নির্মাণ করেছে ৫৭ লাখ টাকায়। এইটি নির্মাণে প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দিয়ে ছিলেন।

নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর জেলায় পিটিআই, ও টাউন এলাকায় বহুসংখ্যক প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ ব্যয় করা হয়েছে ৫ কোটি ৫৬ লাখ ৫০ হাজার টাকা।

ফ্যাসিলিটিজ বিভাগ রাজস্ব খাতের আওতায় নোয়াখালী, লক্ষ্মীপুর ও ফেনী জেলার সদর থানায় প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণে ব্যয় করা হয়েছে ১ কোটি ৭ লাখ ৫৩ হাজার টাকা। বার্ষিক উন্নয়ন প্রকল্পের অধীন প্রতিটি মহাবিদ্যালয়ে ৪০ লাখ করে ৪টি প্রতিষ্ঠান উন্নয়নে ব্যয় করা হয়েছে ১ কোটি ৬০ লাখ টাকা। অপর প্রকল্পের অধীন প্রতিটি মহাবিদ্যালয় উন্নয়নে ২৫ লাখ করে ৪টি প্রতিষ্ঠানের জন্য ব্যয় করা হয় ১ কোটি টাকা। নোয়াখালী বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, বিজ্ঞান ভবন, বাণিজ্য ভবন, পাঠাগার নির্মাণ ও ভূমি উন্নয়নে ব্যয় করা হচ্ছে ২ কোটি ৭ লাখ ৩০ হাজার টাকা।